# রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ অষ্টদশ অধ্যায়- যে দিনগুলিতে রোযা রাখা নিষিদ্ধ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৫। কেবল রবিবার রোযা রাখা

কিছু উলামা কেবল রবিবার রোযা রাখাকে মকরূহ মনে করেছেন। কারণ, রবিবার হল খৃষ্টানদের ঈদ। যেহেতু রোযা রাখাতে এক ধরনের দিনের তা’যীম প্রকাশ পায়। আর কাফেররা তাদের প্রতীক হিসাবে যার তা’যীম করে তার তা’যীম কোন মুসলিমের জন্য বৈধ নয়। পক্ষান্তরে তার সাথে তার পরের দিন একটি রোযা রাখলে আর মকরূহ থাকে না।[1] যেমন ঐ দিনে কোন নযর, কাযা, আরাফা বা আশূরার রোযা রাখা নিষেধ নয়।

## ফুটনোট

[1] (আশশারহুল মুমতে’ ৬/৪৬৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4198

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন